


Dated: 21. 02. 2018


Enclosed is the news clipping appeared in the 'Bartaman,' a Bengali daily dated 20.02.2018, the news item is captioned 'তারস্বরে টিভি, প্রতিবাদ করায় মাধ্যমিক পরীক্ষার্থীকে মারধর'

Superintendent of Police, Hooghly is directed to enquire into the matter and to submit a report by 22<sup>nd</sup> March, 2018.

 21/2/18

(Justice Girish Chandra Gupta)

Chairperson

 21/2/18

(Naparajit Mukherjee)

Member

( M.S. Dwivedy )

Member

# তারস্বরে টিভি, প্রতিবাদ করায় মাধ্যমিক পরীক্ষার্থীকে মারধর

বিএনএ, চুঁচুড়া: তারস্বরে টিভি চালানোর প্রতিবাদ করায় এক মাধ্যমিক পরীক্ষার্থীকে মারধরের অভিযোগ উঠল কানাইপুরের একটি ক্লাবের সদস্যদের বিরুদ্ধে। মারধর করা হয় ওই ছাত্রের বাবা-মাকেও। কোন্নগর কানাইপুর চক্রবর্তী নগরের বাসিন্দা অর্কজিৎ দাস এবার মাধ্যমিক পরীক্ষা দেবে নবগ্রাম বিদ্যাপীঠ থেকে। রবিবার রাতে সে যখন বাড়িতে পড়ছিল, তখন পাশের ক্লাবে খুব জোরে টিভি চালানো হচ্ছিল। পড়াশোনা করতে অসুবিধা হওয়ায় সে তার মাকে সঙ্গে নিয়ে ক্লাবে গিয়ে টিভির শব্দ কমানোর জন্য অনুরোধ করে। তখন ক্লাবের সদস্যরা টিভির শব্দ আরও বাড়িয়ে দেয়। অভিযোগ, এরপর ছাত্রের বাড়িতে চড়াও হয় ক্লাবের সদস্যরা। ওই ছাত্রের বাবা আনন্দ দাসকে টেনে বাড়ি থেকে বের করে মারধর করতে শুরু করে তারা।